**ভারত সরকার**

**বিধি ও ন্যায় মন্ত্রণালয়**

# বেসরকারী ভূসম্পত্তির সরকারী পরিচালনা আইন, ১৮৯২

( ১৮৯২-এর ১০ নং আইন )

**[ ১লা আগস্ট, ১৯৮৯ তারিখে যথা-বিদ্যমান ]**

# The Government Management of Private Estates Act, 1892

( Act No. 10 of 1892 )

*[As on the 1st August, 1989]*

ভারত সরকারের পক্ষে পশ্চিমবঙ্গ সরকারের বিধি বিভাগ কর্তৃক প্রকাশিত ও বসুমতী কর্পোরেশন লিমিটেড, ১৬৬, বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রিট, কলিকাতা-৭০০০১২ কর্তৃক মুদ্রিত।

**১৯৮৯**

মূল্য—

# বেসরকারী ভূসম্পত্তির সরকারী পরিচালনা আইন, ১৮৯২

১৮৯২-এর ১০ নং আইন

## বিষয়সূচী

ধারাসমূহ।

১। নাম ও প্রসার।

২। সংজ্ঞার্থ।

৩। অভিকর উদ্‌গ্রহণের ক্ষমতা।

৪। বিশেষ প্রভারসমূহ উদ্‌গ্রহণের ক্ষমতা।

৫। বিশেষ ব্যয় সম্পর্কে ব্যাবৃত্তি।

৬। পূর্বতন অভিকরসমূহের উদ্‌গ্রহণ সিদ্ধকরণ।

৭। নিয়মাবলী প্রণয়ন করিবার ক্ষমতা।

৮। আদালতের ক্ষেত্রাধিকার হইতে অব্যাহতি।

৯। নিরসিত।

# বেসরকারী ভূসম্পত্তির সরকারী পরিচালনা আইন, ১৮৯২

১৮৯২-এর ১০ নং আইন

[ ১লা আগস্ট, ১৯৮৯ তারিখে যথা-বিদ্যমান ]

**অবেক্ষণ ও পরিচালনার ব্যয় নির্বাহ করিবার জন্য সরকারের পরিচালনাধীন বেসরকারী ভূসম্পত্তিসমূহের উপর একটি অভিকর উদ্‌গ্রহণের ব্যবস্থা করণার্থ আইন।**

[ ২৫শে অক্টোবর, ১৮৯২ ]

যেহেতু, সরকারের পরিচালনাধীন বেসরকারী ভূসম্পত্তিসমূহের উপর, বিশেষ কোন ভূসম্পত্তি বা ভূসম্পত্তিসমষ্টির জন্য বিশেষভাবে রক্ষিত প্রতিষ্ঠানসমূহ ভিন্ন অন্য সকল সরকারী প্রতিষ্ঠান যতদূর পর্যন্ত ঐরূপ ভূসম্পত্তিসমূহের অবেক্ষণে ও পরিচালনায় নিয়োজিত, ততদূর পর্যন্ত উহাদের ব্যয় সংকুলান করিবার জন্য এবং ঐরূপ অবেক্ষণ ও পরিচালনা সম্পর্কিত, সরকার কর্তৃক উপগত, সকল আকস্মিক ব্যয় নির্বাহ করিবার জন্য, একটি অভিকর উদ্‌গ্রহণের ব্যবস্থা করা সঙ্গত; অতএব এতদ্দারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল ঃ—

১। (১) এই আইন বেসরকারী ভূসম্পত্তির সরকারী পরিচালনা আইন, ১৮৯২ নামে অভিহিত হইবে। নাম ও প্রসার।

(২) ইহা ১লা নভেম্বর, ১৯৫৬ তারিখের অব্যবহিত পূর্বে যে রাজ্য-ক্ষেত্রসমূহ 'খ' ভাগ রাজ্যের অন্তর্ভুক্ত ছিল তৎসমূহ ব্যতীত সমগ্র ভারতে প্রসারিত হইবে।

২। এই আইনে, বিষয়ে বা প্রসঙ্গে বিরুদ্ধার্থক কিছু না থাকিলে,— সংজ্ঞার্থ।

(১) "স্থাবর সম্পত্তি" ভূমি, ভবন, ও বংশানুক্রমিক ভাতাসমূহ এবং পথ, আলো, খেয়া, মীনক্ষেত্র বা ভূমি হইতে উদ্ভূত অন্য কোন হিত সম্পর্কিত অধিকারসমূহ এবং ভূসম্বদ্ধ বস্তুসমূহ বা ভূসম্বদ্ধ কোন বস্তুর সহিত স্থায়ীভাবে সংলগ্নীকৃত বস্তুসমূহ অন্তর্ভুক্ত করিবে, কিন্তু উহা স্থিত বৃক্ষ, উৎপন্নমান শস্য বা ঘাস অন্তর্ভুক্ত করিবে না;

(২) "থোক আয়" কথাটি ঋণ-কৃত অর্থ, আসলের আদায়সমূহ এবং স্থাবর সম্পত্তির বা যথাযথভাবে মূলধনরূপে শ্রেণীকৃত অস্থাবর সম্পত্তির বিক্রয়ের আগামসমূহ ব্যতীত, উৎপন্ন দ্রব্যে বা নগদ অর্থে প্রত্যেক প্রকারের সকল প্রাপ্তি অন্তর্ভুক্ত করিবে; এবং

(৩) "সরকারী পরিচালনাধীন বেসরকারী ভূসম্পত্তিসমূহ" কথাটি অন্তর্ভুক্ত করিবে—

(ক) প্রতিপাল্যাধিকরণের অধীনে ভূসম্পত্তিসমূহ;

(খ) সরকারী পরিচালনাধীন দায়ভারগ্রস্ত ভূসম্পত্তিসমূহ;

(গ) সরকারী রাজস্ব প্রদানে খেলাপের জন্য ক্রোক-কৃত ভূসম্পত্তিসমূহ;

(ঘ) কোন দেওয়ানী আদালত কর্তৃক সরকারের কোন রাজস্ব-আধিকারিকের অভিভাবকত্বে ন্যস্ত, নাবালকগণের ভূসম্পত্তিসমূহ ;

১৮৮২-র ১৪। (ঙ) দেওয়ানী প্রক্রিয়া সংহিতা অনুযায়ী প্রদত্ত কোন আদেশ অনুসারে কোন সমাহর্তা কর্তৃক পরিচালিত ভূসম্পত্তি-সমূহ ;

(চ) অন্য এরূপ সকল ভূসম্পত্তি, যাহা তৎসময়ে বলবৎ কোন বিধি অনুযায়ী বা কোন চুক্তি বলে, ঐরূপ ভূসম্পত্তি-রূপে, সরকারের কোন রাজস্ব আধিকারিকের পরিচালনায় অর্পিত বা গৃহীত হইয়া থাকে।

অভিকর উদ্‌গ্রহণের ক্ষমতা।

৩। রাজ্যসরকারের পক্ষে বিধিসম্মত হইবে—

(১) সরকারের পরিচালনাধীন বেসরকারী ভূসম্পত্তিসমূহের উপর—

(ক) বিশেষ কোন ভূসম্পত্তি বা ভূসম্পত্তিসমষ্টির জন্য বিশেষভাবে রক্ষিত প্রতিষ্ঠানসমূহ ভিন্ন অন্য সকল সরকারী প্রতিষ্ঠান যতদূর পর্যন্ত ঐরূপ ভূসম্পত্তিসমূহের অবেক্ষণে ও পরিচালনায় নিয়োজিত হইতে পারে ততদূর পর্যন্ত উহাদের ব্যয়, এবং

(খ) ঐরূপ অবেক্ষণের বা পরিচালনার পরিণামে উপগত সকল আকস্মিক ব্যয়,

যতদূর সম্ভব সংকুলান করিবার জন্য অণুগণিত, থোক আয়ের পাঁচ শতাংশের অনধিক একটি অভিকর উদ্‌গ্রহণ করা ;

(২) সময়ে সময়ে ঐরূপ অভিকরের পরিবর্তন করা ; এবং

(৩) কোন বিশেষ ক্ষেত্রে বা ক্ষেত্রসমূহে, যেরূপ ন্যায়সঙ্গত হয় সেরূপে ঐরূপ অভিকর হ্রাস করা বা মকুফ করা :

তবে, বিশেষ কোন ভূসম্পত্তি বা ভূসম্পত্তিসমষ্টির উপর এই আইন অনুযায়ী উদ্‌গ্রাহ্য অভিকরের পরিমাণ স্থিরকরণে রাজ্যসরকার ঐরূপ ভূসম্পত্তি বা ভূসম্পত্তিসমূহের জন্য বিশেষ প্রতিষ্ঠানসমূহের দরুন উপগত ব্যয় সম্পর্কে বিবেচনা করিবেন।

বিশেষ প্রভারসমূহ উদ্‌গ্রহণের ক্ষমতা।

৪। যেক্ষেত্রে সরকারের কোন আধিকারিক কোন ভূসম্পত্তির জন্য বৈধিক পরামর্শ দিতে বা হিসাবসমূহ নিরীক্ষা করিতে নিয়োজিত হন, সেক্ষেত্রে যদি রাজ্যসরকার সম্পাদিত কর্মসমূহ কোন বিশেষ প্রকৃতির বলিয়া বিবেচনা করেন, তাহা হইলে রাজ্যসরকার, স্ববিবেচনায়, সর্বশেষ পূর্ববর্তী ধারা অনুযায়ী উদ্‌গ্রাহ্য অভিকর হিসাবের মধ্যে না লইয়া ঐরূপ কর্মসমূহের জন্য ঐ ভূসম্পত্তির উপর একটি বিশেষ প্রভার আরোপিত করিবার নির্দেশ দিতে পারিবেন।

বিশেষ ব্যয় সম্পর্কে ব্যাবৃত্তি।

৫। এই আইনের কোন কিছুই কোন বিশেষ ভূসম্পত্তি বা ভূসম্পত্তিসমূহ সম্পর্কে বিশেষভাবে রক্ষিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় বা বিশেষভাবে উপগত কোনও প্রকারের ব্যয় সম্পর্কে প্রযুক্ত হইবে না।

৬। কোন রাজ্যসরকার কর্তৃক এই আইনের প্রারম্ভের পূর্বে সাধারণ অবেক্ষণ বা পরিচালনার জন্য উদ্গৃহীত সকল অভিকর এই আইন অনুযায়ী উদ্গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে। পূর্বতন অভিকরসমূহের উদ্গ্রহণ সিদ্ধকরণ।

৭। রাজ্যসরকার, এই আইন কার্যে পরিণত করিবার জন্য প্রয়োজনীয়, ও এই আইনের সহিত সমঞ্জস, যেকোন নিয়ম প্রণয়ন করিতে ও যেকোন আদেশ প্রদান করিতে পারিবেন। নিয়মাবলী প্রণয়ন করিবার ক্ষমতা।

৮। যেক্ষেত্রে কোন সরকারী প্রতিষ্ঠান পূর্বোক্তরূপে অবেক্ষণে নিয়োজিত হয়, সেক্ষেত্রে রাজ্যসরকার ঐরূপ নিয়োজনের প্রতি আরোপণীয় ব্যয়ের একমাত্র বিচারক হইবেন, এবং তৎসম্পর্কে রাজ্যসরকারের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন আদালতে বা অন্যথা আপত্তি করা চলিবে না। আদালতের ক্ষেত্রাধিকার হইতে অব্যাহতি।

৯। [ নিরসন ] নিরসন ও সংশোধন আইন, ১৯১৪ (১৯১৪-র ১০), ৩ ধারা ও তফসিল ২ দ্বারা নিরসিত।